



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ৪৩/পরীঃ/সরঞ্জাম/(আংশিক-১)/ ৫৪৬

তারিখ: ২৬/০৬/২০২৬

বিষয়: ২০২৩ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র ও অন্যান্য সরঞ্জামাদি কেন্দ্রে সরবরাহ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২৩ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা পরিচালনার জন্য কেন্দ্রের অনুকূলে বরাদ্দকৃত মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র ও MCQ সহ অন্যান্য আনুষঙ্গিক সরঞ্জামাদি নিম্নের ছকে বর্ণিত তারিখ অনুযায়ী বিতরণ করা হবে। নির্ধারিত তারিখ সকাল-১০.০০ টা হতে বিকাল-৩.০০ টার মধ্যে উল্লিখিত সরঞ্জামাদি গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

| তারিখ ও বার | জেলাসমূহ | তারিখ ও বার | জেলাসমূহ |
|---------------------------|---|---------------------------|---|
| ০৩/০৪/২০২৩ সোমবার | ফরিদপুর ও গোপালগঞ্জ জেলার কেন্দ্রসমূহ | ১০/০৪/২০২৩ সোমবার | টাংগাইল জেলার কেন্দ্রসমূহ |
| ০৪/০৪/২০২৩ মঙ্গলবার | কিশোরগঞ্জ ও শরিয়তপুর জেলার কেন্দ্রসমূহ | ১১/০৪/২০২৩ মঙ্গলবার | গাজীপুর জেলার কেন্দ্রসমূহ |
| ০৫/০৪/২০২৩ বুধবার | নারায়ণগঞ্জ ও মাদারীপুর জেলার কেন্দ্রসমূহ | ১২/০৪/২০২৩ বুধবার | ঢাকা জেলার কেন্দ্রসমূহ |
| ০৬/০৪/২০২৩ বৃহস্পতিবার | নরসিংদী ও রাজবাড়ী জেলার কেন্দ্রসমূহ | ১৩/০৪/২০২৩ বৃহস্পতিবার | ঢাকা মহানগরীর কেন্দ্রসমূহ ঢাকা ০১ থেকে ঢাকা-৪৫ পর্যন্ত |
| ০৯/০৪/২০২৩ রবিবার | মুন্সিগঞ্জ ও মানিকগঞ্জ জেলার কেন্দ্রসমূহ | ১৬/০৪/২০২৩ রবিবার | ঢাকা মহানগরীর কেন্দ্রসমূহ ঢাকা ৪৬ থেকে অবশিষ্ট কেন্দ্রসমূহ |

উল্লিখিত নির্ধারিত তারিখে সরঞ্জামাদি কেন্দ্র সচিব নিজে অথবা তার প্রাধিকারপ্রাপ্ত একজন শিক্ষক (যিনি পরীক্ষা পরিচালনা কমিটির সাথে সংশ্লিষ্ট)- এর মাধ্যমে গ্রহণ করতে হবে। কোন অবস্থাতেই শিক্ষক ব্যতীত অফিস সহকারী অথবা অন্য কাউকে প্রাধিকারপত্র প্রদান করা যাবে না। প্রধান শিক্ষক/শিক্ষিকা, অধ্যক্ষ অথবা ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/শিক্ষিকা ও অধ্যক্ষের বেলায় সরঞ্জামাদি গ্রহণের আবেদনপত্রে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (জেলা পর্যায়ে ডিসি, এডিসি ও উপজেলা পর্যায়ে ইউএনও) প্রতিস্বাক্ষর থাকতে হবে এবং প্রাধিকারপ্রাপ্ত শিক্ষকের বেলায় প্রাধিকার (Authorised) পত্রে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (জেলা পর্যায়ে ডিসি, এডিসি ও উপজেলা পর্যায়ে ইউএনও) প্রতিস্বাক্ষর থাকতে হবে।

প্রকাশ থাকে যে, বর্তমানে ঢাকা শহরে সকাল ৮.০০ হতে রাত ৮.০০ পর্যন্ত ট্রাক চলাচল নিষিদ্ধ থাকায় বিকল্প পরিবহনের ব্যবস্থা করতে হবে এবং সরঞ্জামাদি গাড়ীতে উঠানোর জন্য বোর্ড কর্তৃপক্ষ কোন ব্যয় বহন করবে না।

চেয়ারম্যানের আদেশক্রমে

 26.06.26

প্রফেসর মো: আবুল বাশার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২২২৩৩৬৯৮১৫

প্রাপক: কেন্দ্র সচিব/প্রধান শিক্ষক

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা-২০২৩


ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল পরীক্ষা কেন্দ্র।

স্মারক নং- ৪৩/পরীঃ/সরঞ্জাম/(আংশিক-১)/

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
২. উপজেলা নির্বাহী অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৪. অফিস কপি।

তারিখ:



উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

৫৮৬১৭৬৯৬, ০১৭১১২৭৬৬৪৭